কালের কণ্ঠ

তারিখ 06 NOV 2017
পৃষ্ঠা ১৩ কলাম ৮

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

# শিবির সন্দেহে আবারও শিক্ষার্থী পেটাল ছাত্রলীগ

**কুমিল্লা দক্ষিণ প্রতিনিধি ▷**

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) শিবির সন্দেহে আবারও এক শিক্ষার্থীকে পেটানোর অভিযোগ উঠেছে ছাত্রলীগের নেতাকর্মীদের বিরুদ্ধে। হামলার শিকার ওই শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা শিক্ষা বিভাগের সপ্তম ব্যাচের ছাত্র। গতকাল রবিবার বিকেলে কুবির প্রধান ফটকের সামনে ওই শিক্ষার্থীর ওপর এ হামলার ঘটনা ঘটে। এর আগে গত ৯ আগস্ট দুই শিক্ষার্থীকে একইভাবে মারধর করা হয়।

বিশ্ববিদ্যালয় ও স্থানীয় সূত্রে জানা গেছে, শিবিরের কর্মী সন্দেহে গতকাল বিকেলে শিক্ষার্থী মো. রায়হান ইসলামের ওপর বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে হামলা করে ছাত্রলীগের কয়েকজন নেতাকর্মী। এ সময় ছাত্রলীগের নেতাকর্মীরা ওই শিক্ষার্থীকে কাঠ দিয়ে এলোপাতাড়ি পেটায়। এ ঘটনার পর গুরুতর আহত অবস্থায় ওই শিক্ষার্থীর তাঁকে বন্ধুরা উদ্ধার করে কুমিল্লার একটি হাসপাতালে নিয়ে যায়।

প্রত্যক্ষদর্শী শিক্ষার্থীরা জানায়, ওই দিন বিকেলে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ও কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের সপ্তম ব্যাচের ছাত্র সাইফুল ইসলাম সাদী, ছাত্রলীগকর্মী হাসান বিদ্যুৎ, রাফিউল আলম দীপ্তসহ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের পাঁচ-ছয়জন নেতাকর্মী রায়হানকে ডেকে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে নিয়ে যায়। এরপর শিবিরের কর্মী বলে কাঠ দিয়ে তাঁকে পেটানো শুরু করে তারা। তবে হামলার শিকার ওই শিক্ষার্থীর দাবি, তিনি কোনো রাজনীতির সঙ্গেই জড়িত নন।

গতকাল সন্ধ্যায় এ বিষয়ে জানতে অভিযুক্ত বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক সাইফুল হাসান সাদীর মুঠোফোনে একাধিকবার যোগাযোগ করা হলেও তাঁকে পাওয়া যায়নি। তবে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি ইলিয়াস হোসেন সবুজ বলেন, যদি ওই শিক্ষার্থী শিবির করে থাকে তাহলে মারধর করা ঠিক আছে।

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. কাজী মোহাম্মদ কামাল উদ্দিন বলেন, 'শিক্ষার্থীকে মারধরের বিষয়ে কোনো অভিযোগ এখনো আমি পাইনি। সুনির্দিষ্ট অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।'